

Visit of Vice President of India to Gabon (30 May – 1 June, 2022)

June 01, 2022

ভারতের উপরাষ্ট্রপতির গ্যাবোন সফর (30শে মে-1লা জুন, 2022)

জুন 01, 2022

ত্রিদেশীয় সফরের অঙ্গ হিসেবে ভারতের সম্মানীয় উপরাষ্ট্রপতি (এইচপিভিআই) শ্রী এম বেকাইয়া নাইডু 30শে মে থেকে 1লা জুন 2022 তারিখে তার সর্বপ্রথম উচ্চ পর্যায়ের দ্বিপাক্ষিক সরকারি সফরে 30শে মে গ্যাবোনে এসে পৌঁছিয়েছেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ডঃ ভারতী প্রবীন পাওয়ার ও তিনজন সাংসদ যথাক্রমে শ্রী সুশীল কুমার মোদী (রাজ্যসভা), শ্রী বিজয় পাল সিং তোমর (রাজ্যসভা) এবং শ্রী পি রবীন্দ্রনাথ (লোকসভা) সহ একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল ভারতের সম্মানীয় উপরাষ্ট্রপতির সফরসঙ্গী হয়েছেন। এই সফর আফ্রিকার সাথে নিবিড় সম্পর্ক স্থাপনের আমাদের অঙ্গীকারকে সূচিত করে।

প্রধান সরকারি ব্যস্ততার দিন ছিল 31শে মে, সেইদিন এইচপিভিআই প্রেসিডেন্ট হিজ এক্সেলেন্সি মিস্টার আলি বোঙ্গোর সাথে সাক্ষাৎ করেন, যিনি রাষ্ট্রপতি ভবনে এইচপিভিআই-কে উষ্ণ অভ্যর্থনা জানান। গ্যাবোনিজ প্রেসিডেন্ট আনন্দের সাথে 2015 এবং 2018 তে তার আগের ভারত সফরের কথা স্মরণ করেন। উপরাষ্ট্রপতি গ্যাবোনের প্রধানমন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমতী রোজ ক্রিস্টিয়ানের সাথে একান্তে আলাপচারিতা করেন এবং তারপরে প্রধানমন্ত্রী ও তাঁর মন্ত্রিসভার সদস্যদের সাথে প্রতিনিধি স্তরে বার্তালাপ হয় যেখানে পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও বহুপাক্ষিক সমস্যাগুলি সহ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করা হয়েছে। উভয় নেতা সক্রিয় অর্থনৈতিক সম্পর্ক এবং নতুন ক্ষেত্রে সহযোগিতার, বিশেষ করে কৃষি, গ্রীণ এনার্জি, খনি, স্বাস্থ্য ও ওষুধ প্রস্তুত, আইসিটি, প্রতিরক্ষা ও সামুদ্রিক সুরক্ষা বিষয় নিয়েও আলোচনা করেছেন। উভয় পক্ষ মুখ্য সেক্টর গুলিতে দক্ষতার বিকাশ/ প্রশিক্ষণ এবং ক্ষমতা নির্মাণে সহযোগিতার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছেন। এর আগে বিদেশমন্ত্রী মিখাইল মোসা-অ্যাডামো ভারতের সম্মানীয় উপ রাষ্ট্রপতির সাথে এক সৌজন্য সাক্ষাৎ করেছেন। উভয়পক্ষ দুটি মৌ/চুক্তি স্বাক্ষর করেছেন: (i) ভারতের এসএসআইএফএস এবং গ্যাবোনের বিদেশ মন্ত্রকের মধ্যে সহযোগিতার উপরে মৌ (ii) দুই বিদেশমন্ত্রকের মধ্যে যৌথ কমিশন স্থাপনের জন্য একটি চুক্তি। লিব্রেভিলেতে আমাদের একটি আবাসিক মিশন খোলার জন্য গ্যাবোনের তরফ থেকে অনুরোধ জানানো হয়েছে।

উপরাষ্ট্রপতি জাতীয় পরিষদের সভাপতি এবং সেনেটের সভাপতির সাথে একটি যৌথ বৈঠকও করেছেন, যেখানে গ্যাবোনিজ সংসদের কয়েকজন সদস্যও উপস্থিত ছিলেন। উভয়পক্ষ গণতান্ত্রিক মূল্যবোধ ও ঐতিহ্যকে তুলে ধরার জন্য নেতৃত্বকে প্রশংসিত করেছেন। এবং নিয়মিত সংসদীয় আদানপ্রদানের জন্য সম্মত হয়েছেন। উপরাষ্ট্রপতি গ্যাবোনে সিআইআই দ্বারা আয়োজিত একটি বিজনেস ফোরামে ভাষণ দিয়েছেন যেখানে একটি অনুসন্ধানমূলক সফরে 15 সদস্যের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন। এইচপিভিআই গ্যাবোনে একটি ক্ষুদ্র অথচ প্রাণবন্ত ভারতীয় গোষ্ঠীর সাথেও

আলাপচারিতা

করেন।

উভয়পক্ষ ইউএন এবং অন্যান্য আন্তর্জাতিক ফোরামে একে অপরের সদস্যপদকে পারস্পরিক সমর্থন করার জন্য প্রশংসা করেন। ভারত ও গ্যাবোন জলবায়ু পরিবর্তন, সন্ত্রাসের প্রতিরোধ এবং ইউএন-এর সংস্কারের উপরে রাষ্ট্রসঙ্ঘের সুরক্ষা পরিষদে অস্থায়ী সদস্য রূপে ঘনিষ্ঠ হয়ে কাজ করার জন্য সম্মত হয়েছে।

আমাদের অনুরোধে 7ই জুলাই 2022 তারিখে আইএফএডি-র নির্বাচনে প্রেসিডেন্ট পদের জন্য আমাদের প্রার্থীকে সমর্থন করার বিষয়টি বিবেচনা করার জন্য গ্যাবোনিজ নেতৃত্ব ইঙ্গিত দিয়েছেন।

সফরকালে, উপরাষ্ট্রপতি 20জন গ্যাবোনিজ কূটনীতিককে সুষমা স্বরাজ ইন্সটিটিউট অব ফরেন সার্ভিসে একটি বিশেষ প্রশিক্ষণ প্রোগ্রামে প্রশিক্ষণ দেবার কথা ঘোষণা করেছেন।

1লা জুন লিব্রেভিলে ত্যাগ করার আগে, উপ রাষ্ট্রপতি গ্যাবোন স্পেশাল ইকোনমিক জোন (জিএসইজেড) পরিদর্শন করেন, যেখানে প্রায় 54টি ভারতীয় কোম্পানি কাজ করছে।

লিব্রেভিলে

জুন 01, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.